গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩০.১১.০০২.২০-১৩৬

তারিখঃ ০৭ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
২২-০৮-২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.১০৩.০১১.০০.০০.০০৪.২০১৯-১১৭, তারিখ: ০৭/১২/২০২০ খ্রি: এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর (৯ম গ্রেড) ২২,০০০-৫৩০৬০ টাকা স্কেলে নিম্নবর্ণিত ০১(এক) জন প্রার্থীকে অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্তে আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন অধিদপ্তরের অধীনে 'সাব-রেজিস্ট্রার' পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	নাম, ঠিকানা ও জন্ম তারিখ	রেজিঃ নং	নিজ জেলা	সুপারিশের ভিত্তি
০১।	মো: মিজানুর রহমান পিতা: মো: লোকমান আলী, মাতা: শামসুন্নাহার জন্ম তারিখ : ২৯-১২-১৯৯২ খ্রি: স্থায়ী ঠিকানা: বাসা-৪৪, ওয়ার্ড নং-০৫, গ্রাম-জন্মেজয় রসুলপুর রোড, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ। বর্তমান ঠিকানা: আবাসিক ভবন, কৈলাশটিলা এলপিজি প্লান্ট, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পনী লিমিটেড, গোলাপগঞ্জ, সিলেট।	৮১১৮৩৩	ময়মনসিংহ	মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা

শর্তাবলী :

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে মহাপরিদর্শক, নিবন্ধন বরাবর যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো;

(খ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে "নিয়োগে আগ্রহী নয়" বিবেচনায় তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(গ) ভূমি নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে ১৫ (পনের) দিনের প্রশিক্ষণ কোর্স সফলভাবে সমাপন এবং প্রশিক্ষণে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে মহাপরিদর্শক, নিবন্ধন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে পদায়নের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবেন;

(ঘ) নিয়োগকৃত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সফলভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর তাঁর কার্যক্রম মূল্যায়ন, মৌলিক প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষণ কোর্স সফলভাবে সমাপন এবং প্রশিক্ষণে প্রাপ্ত ফলাফল ইত্যাদির ভিত্তিতে চাকরি স্থায়ীকরণ বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক পৃথক সরকারি আদেশ জারি করা হবে;

(ঙ) উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) শিক্ষানবিশকালে কর্মকর্তার চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাঁকে চাকরি হতে অপসারণ করতে পারবে;

(জ) সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত কর্মকর্তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে নিয়োগকৃত কর্মকর্তা যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;

(ঞ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী নিয়োগকৃত কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ট) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর বিধি ১৩(১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ড) নিয়োগকৃত কর্মকর্তাকে দেশের যে কোন স্থানে এবং যে কোন জেলায়/উপজেলায় বদলী করা যাবে;

(ঢ) নিয়োগকৃত কর্মকর্তা সরকারের বর্তমান ও ভবিষ্যতে প্রণীতব্য সরকারি চাকরির যাবতীয় নিয়ম-নীতি, বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবেন;

(ণ) সরকারের স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেয়া হলো;

(ত) নিয়োগকৃত কর্মকর্তা চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রাপ্য হবেন না;

(থ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত গ্রেডেশন অনুযায়ী যোগদানকৃত কর্মকর্তার জ্যেষ্ঠতা তালিকা অক্ষুন্ন থাকবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

22/08/2021

(মোঃ গোলাম সারওয়ার)
সচিব

নং-১০.০০.০০০০.১৩০.১১.০০২.২০-১৩৬/১(১৩)

তারিখঃ ২২-০৮-২০২১ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আবদুল গণি রোড, ঢাকা (উক্ত নিয়োগকৃত সাব-রেজিস্ট্রারদের প্রশিক্ষণ প্রদানসহ পদায়নের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৮। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব--।
১৩। অফিস কপি/গার্ড ফাইল।

22/08/2021

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬০১০